



সংশোধিত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল  
www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/পনি/গোপ/২০১৬/১২৭৫

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ  
১০ অক্টোবর ২০১৬ খ্রি.

বিষয় : এসএসসি ও এইচএসসি পরীক্ষা ২০১৭ এর পরীক্ষার সময় বিভাজন সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক ২০১৭ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বর বন্টন পরিবর্তন করায় উল্লিখিত পরীক্ষার নিম্নরূপ সময় বিভাজন করা হলো:

\* ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩০ মিনিট।

\* ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট।

\* পরীক্ষা বিরতিহীন ভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

ক। সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯.৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ

সকাল ১০.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ

সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মি.)

খ। দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

দুপুর ০১.৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ

দুপুর ০২.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ

দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় দুপুর ০২.২৫ মি.)

কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষপরিদর্শক, পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন যথাযথ ভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর # ১২৪০

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০৪৩১-৬৪০৮৫

E-mail: barisalboard@gmail.com